

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd


নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫(৩).৬৪১

তারিখ: ১৩ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : ২০১৬-২০১৭ অর্থ বছরে জেলা পরিষদসমূহের অনুকূলে এডিপি 'সাধারণ বরাদ্দ' উপখাতের আওতায় প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জেলা পরিষদ আইন, ২০০০' এর ৩০ ধারা অনুযায়ী মাননীয় সংসদ সদস্যগণ উক্ত জেলার পরিষদের উপদেষ্টা হবেন এবং তাঁরা পরিষদকে এর কার্যাবলী সম্পাদনে পরামর্শ প্রদান করতে পারবেন। সে প্রেক্ষিতে এডিপি বরাদ্দের আওতায় জেলা পরিষদের বিভিন্ন প্রকল্প গ্রহণের বিষয়ে মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণ করা সমীচীন।

২। এমতাবস্থায়, ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপি বরাদ্দের আওতায় প্রকল্প নির্বাচনকালীন মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৭/৩/১৭
(জুবাইদা নাসরীন)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
৬১ জেলা পরিষদ (পার্বত্য তিনটি জেলা ব্যতীত)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ ----- সকল।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।